রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, জুলাই ২৬, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন শাখা-৮**

**পরিপত্র**

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩৩/১৫ জুলাই ২০২৬

বিষয়: বাংলাদেশ স্থানিক পরিকল্পনা আইন, ২০২৬ এর ধারা ৪(১) অনুযায়ী 'পরিষদ' গঠন সংক্রান্ত।

**নং ২৫.০০.০০০০.১৩১.২২.০১৪.১৫(অংশ)-৪২৫**—উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ স্থানিক পরিকল্পনা আইন, ২০২৬ এর ধারা ৪(১) অনুযায়ী বাংলাদেশের জনগণের জীবনমান উন্নয়নের লক্ষ্যে পরিকল্পিত বাংলাদেশ গড়ে তোলার উদ্দেশ্যে টেকসই উন্নয়ন, অর্থনৈতিক প্রবৃদ্ধি, জীববৈচিত্র্য সংরক্ষণ, জলবায়ু ও দুর্যোগ সংবেদনশীলতা, সামাজিক, ন্যায্যতা নিশ্চিতকরণ এবং কৃষি ও জলাশয় সুরক্ষাপূর্বক একটি সমন্বিত স্থানিক পরিকল্পনা প্রণয়ন করার লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে 'পরিষদ' গঠন করা হলো:

**২.১ কমিটির গঠন:**

| ক্র: নং | পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ক. | মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সভাপতি |
| খ. | সচিব, পরিকল্পনা বিভাগ | সদস্য |
| গ. | সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| ঘ. | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| ঙ. | সচিব, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| চ. | সচিব, ভূমি মন্ত্রণালয় | সদস্য |


মূল্য : টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| ছ. | সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | সদস্য |
| জ. | সচিব, সেতু বিভাগ | সদস্য |
| ঝ. | সচিব, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ঞ. | সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সদস্য |
| ট. | সচিব, পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| ঠ. | সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | সদস্য |
| ড. | সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| ঢ. | সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ণ. | সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় | সদস্য |
| ত. | সচিব, রেলপথ মন্ত্রণালয় | সদস্য |
| থ. | সচিব, বিদ্যুৎ বিভাগ | সদস্য |
| দ. | সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | সদস্য |
| ধ. | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ন. | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| প. | মেয়র, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন | সদস্য |
| ফ. | বিভাগীয় প্রধান, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ব. | সভাপতি, বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স | সদস্য |
| ভ. | সভাপতি, ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ | সদস্য |
| ম. | সভাপতি, ইনস্টিটিউট অব আর্কিটেক্টস বাংলাদেশ; এবং | সদস্য |
| য. | পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর | সদস্য-সচিব |

**২.২ কমিটির কার্যপরিধিঃ**

(১) প্রতি বৎসর পরিষদের অন্যূন ২(দুই) টি সভা অনুষ্ঠিত হবে, তবে জরুরি প্রয়োজনে যেকোনো সময় সভা আহ্বান করা যাবে।

(২) পরিষদের সভাপতি পরিষদের সকল সভায় সভাপতিত্ব করবেন, তবে তাঁর অনুপস্থিতিতে তৎকর্তৃক মনোনীত কোনো সদস্য সভায় সভাপতিত্ব করবেন।

(৩) পরিষদের সভার কোরামের জন্য উহার মোট সদস্য সংখ্যার অন্যূন দুই-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হবে, তবে মুলতুবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হবে না।

(৪) সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে পরিষদের সকল সিদ্ধান্ত গৃহীত হবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকবে।

(৫) পরিষদ, প্রয়োজনে, সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ কায়সার খসরু**
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd